




মালয়েশিয়ায় কর্মী পাঠাতে পারবে বাংলাদেশের ২৫ এজেন্সি



ছবি: সংগৃহীত

বাংলাদেশ থেকে মালয়েশিয়ায় কর্মী নিয়োগের জন্য অনুমোদিত ২৫টি বাংলাদেশি রিজুটিং এজেন্সির তালিকা প্রকাশ করেছে দেশটির বিদেশি কর্মী নিয়োগ প্ল্যাটফর্ম ‘এফডব্লিউসিএমএস’।

গুরুবার (২১ আগস্ট) এফডব্লিউসিএমএসের অফিসিয়াল ওয়েবসাইটে অনুমোদিত এজেন্সিগুলোর নাম প্রকাশ করা হয়।

তালিকায় থাকা ২৫টি এজেন্সি হলো বাংলাদেশ ওয়ান ওভারসিজ লিমিটেড, বেঙ্গল হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট, জেনারেল ট্রেডিং কোম্পানি, মেসার্স ইউনাইটেড গালফ সার্ভিসেস, অ্যানেসা এয়ার ইন্টারন্যাশনাল, আত-তাকওয়া ওভারসিজ লিমিটেড, আর্থ-স্মার্ট বাংলাদেশ লিমিটেড, খান জাহান আলী ওভারসিজ, মেসার্স আল-শোতুপ ওভারসিজ, মাদারল্যান্ড ওভারসিজ লিমিটেড, রিফা ইন্টারন্যাশনাল, ভেলি ট্রেড ইন্টারন্যাশনাল, এ-প্লাস ইন্টারন্যাশনাল, আল-হায়াত ওভারসিজ, ভালুকা ওভারসিজ, ব্রাদার্স ট্রেডিং অ্যান্ড কন্সট্রাক্টিং লিমিটেড, চাঁদপুর ইন্টারন্যাশনাল, কাফ্রি এমপ্লয়মেন্ট এজেন্সি, গুডনেস সার্ভিসেস লিমিটেড, জুয়েল রিক্রু এন্টারপ্রাইজ, মেসার্স সাতক্ষীরা ইন্টারন্যাশনাল, ম্যানগ্রোভ ক্যারিয়ার লিংক, নেবারস অ্যাসোসিয়েটস লিমিটেড, তানিয়া ট্রেড ইন্টারন্যাশনাল এবং অ্যাক্সর কেয়ার গ্লোবাল মাইগ্রেশন।

বাংলাদেশি রিজুটিং এজেন্সিগুলোর সংগঠন বায়রার একাংশের নেতারা দীর্ঘদিন ধরে দেশের সব বৈধ রিজুটিং এজেন্সির জন্য মালয়েশিয়ার শ্রমবাজার উন্মুক্ত করার দাবি জানিয়ে আসছিলেন। এর মধ্যেই মালয়েশিয়ার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ নির্ধারিত প্রক্রিয়ায় ২৫টি এজেন্সির তালিকা চূড়ান্ত করেছে।

এর আগে ২০২৪ সালের ৩১ মে বাংলাদেশসহ কয়েকটি দেশের জন্য মালয়েশিয়ার শ্রমবাজার সাময়িকভাবে বন্ধ হয়ে যায়। নির্ধারিত সময়ের মধ্যে যেতে না পারায় টিকিট থাকা সত্ত্বেও অনেক বাংলাদেশি কর্মী মালয়েশিয়ায় যেতে পারেননি। আবার অনেকে টিকিটের সংকটে বিমানবন্দর থেকে ফিরে যেতে বাধ্য হন।

নতুন করে ২৫টি এজেন্সির তালিকা প্রকাশের ফলে মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মী পাঠানোর প্রক্রিয়া নিয়ে নতুন করে আশার সৃষ্টি হয়েছে।